টিন্ডারের নতুন আপডেটে বাড়বে ব্যবহারকারীর সংখ্যা

জনপ্রিয় ডেটিং অ্যাপ টিন্ডার তাদের অ্যাপে একাধিক নতুন আপডেট নিয়ে এসেছে। এরপর ম্যাচ গ্রুপ সম্প্রতি তাদের মুনাফার ওপর পর্যবেক্ষণ করে ইতিবাচক মন্তব্য জানিয়েছে।

ম্যাচ গ্রুপ বলছে, এখনো নতুন আপডেট থেকে ব্যবসায়ী লাভের হিসেবটি দৃশ্যমান নয়। তবে দ্রুতই একটি ভালো ফলাফল পাওয়া যাবে। চলতি বছর কোম্পানিটির শেয়ার ২ শতাংশ বেড়েছে। ভোলাটাইল ট্রেডিং বেলের পর তা আরও ৩ শতাংশ বেড়ে যায়। ম্যাচ গ্রুপ এরইমধ্যে ১ বিলিয়ন মার্কিন ডলারের বাইব্যাক শেয়ার চালু করেছে।

থার্ড ব্রিজের একজন বিশ্লেষক জানান, ডেটিং সার্ভিস ২০২৩ এর বাকি অংশে দ্রুতই জনপ্রিয় হয়ে উঠবে৷ নানা সংকটে এবং সামাজিক যোগাযোগমাধ্যমের সমস্যার কারণে অনেকেই এসব প্ল্যাটফর্মে যুক্ত হচ্ছে।’ তিনি অনুমান করেছিলেন কোম্পানির এখন মোট আয় ৮২২ দশমিক ২২ মিলিয়ন মার্কিন ডলার। অনুমানটি খুব পেছনে না। তারা আপাতত ৮১৫ দশমিক ৩ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। বছরের প্রথম তিন মাসে অর্থাৎ ৩১ মার্চ পর্যন্ত কোম্পানিটি প্রায় ৭৮৭ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। তআই টিন্ডারের মধ্যে সম্ভাবনা দেখা যাচ্ছে। এই বছরটা টিন্ডারের জন্য বড় কিছু হতে পারে।

হোয়াটসঅ্যাপ আইওএসে নতুন ফিচার

মেটা মালিকানাধীন মেসেজিং প্ল্যাটফরম হোয়াটসঅ্যাপ আইওএস ব্যবহারকারীদের জন্য নতুন ফিচার যুক্ত করতে যাচ্ছে।

নতুন ফিচারটি চালু হলে ব্যবহারকারীরা ফরোয়ার্ড করা মিডিয়া, মেসেজে বিস্তারিত তথ্য বা নির্দেশনা যুক্ত করতে পারবে। ফলে

পাঠানো বার্তাটি আরও বোধগম্য ও সহজ হবে টেকটাইমস। আগে বেটা পরীক্ষকদের জন্য ফিচারটি চালু করা হয়েছিল। বর্তমানে হালনাগাদ ভার্সনের মাধ্যমে সবার জন্য ফিচারটি চালু করেছে মেটা মালিকানাধীন মেসেজিং প্ল্যাটফরমটি।

সম্প্রতি এক প্রতিবেদনে ওয়াবেটাইনফো এ তথ্য জানিয়েছে। এর মাধ্যমে আইওএস ব্যবহারকারীরা ফরোয়ার্ড করা কোনো ছবি, ভিডিও, ডকুমেন্ট বা জিআইএফ থেকে ক্যাপশন মুছে ফেলার পর সেখানে বিস্তারিত যুক্ত করতে পারবেন।

হাগিং ফেসের নিজস্ব চ্যাটজিপিটি

হাগিং ফেস, ভেনচার ক্যাপিটাল এই কৃত্রিম বুদ্ধিমত্তার পেছনে ১০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। তারা ওপেনএআই-এর মতোই একটি ওপেন সোর্স প্রতিপূরক কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি করেছে। অর্থাৎ এটিও অনেকটাই চ্যাটজিপিটি কিন্তু এর নাম হাগিংচ্যাট। আপাতত এর ওয়েব ইন্টারফেস পরীক্ষামূলকভাবে চালু হয়েছে। এই ওয়েব ইন্টারফেসে জরুরি অ্যাপ এবং হাগিং ফেস এপিআই যুক্ত করে নানা সেবা চালু করা হবে।

হাগিংচ্যাট চ্যাটজিপিটির মতোই অনেক কাজ করতে পারে। আপনার জন্য কোড লিখে দেওয়া, ইমেইল ড্রাফট করা এবং র্যাপ গানও আপনাকে কম্পোজ করে দেবে। লাইওন নামে একটি সংগঠন ওপেন অ্যাসিস্ট্যান্ট নামে একটি দল করে এই কৃত্রিম বুদ্ধিমত্তা মডেলটি তৈরি করেছেন। তারা অলাভজনক প্রতিষ্ঠান। মূলত টেক্সট টু ইমেজ কৃত্রিম বুদ্ধিমত্তা মডেলের দিকেই তারা এগিয়ে যেতে চাচ্ছেন। চ্যাটজিপিটির মতো হলেও এই কৃত্রিম বুদ্ধিমত্তা আরও বড় পরিসরে ছড়িয়ে পড়তে চাচ্ছে।

গিটহাবে ওপেন অ্যাসিস্ট্যান্ট লিখেছে, ‘আমরা একটি সহকারী তৈরি করছি। এমন একজন প্রযুক্তি সহকারী আমরা তৈরি করব যা ভবিষ্যতে আপনাকে অর্থবোধক কাজ, এপিয়াই, অনেক জটিল গবেষণার কাজেও সাহায্য

করতে পারবে। আপনার ব্যক্তিত্বের সঙ্গে সমন্বয় করেই আরও বড় পরিসরে ছড়িয়ে যেতে পারবে এটি।’ অর্থাৎ গুগল অ্যাসিস্ট্যান্টের মতোই আপনার সব কাজ সহজ করার জন্য হাত বাড়িয়ে দেবে প্রতিষ্ঠানটি। হাগিংচ্যাটের অবশ্য অনেকদূর হাটতে হবে এখনো। ওপেন সোর্স কৃত্রিম বুদ্ধিমত্তা মডেল নিয়ে সমালোচকরা বেশ সরব। কিন্তু অনেকেই মনে করছেন চ্যাটজিপিটিকে টেক্কা দেওয়ার ক্ষেত্রে বোধহয় এই একটি কৃত্রিম বুদ্ধিমত্তা মডেল এগিয়েই আছে।

সূত্র: টেকক্রাঞ্চ

টিভিতেই দেখা যাবে টিকটক

বাংলাদেশে চালু হলো টিকটক টিভি অ্যাপ। ফলে এখন থেকে স্মার্ট টিভি ডিভাইসে নতুন এই অ্যাপটি ব্যবহার করা যাবে। টিকটক টিভি অ্যাপের সাহায্যে পরিবার ও বন্ধুরা একসঙ্গে এখন ঘরে বসেই টিকটকে মজার সব অভিজ্ঞতা উপভোগ করতে পারবেন।

মূলত ঘরে বসে টিভি দেখার যে অভিজ্ঞতা সেটি দেয়ার জন্য বিশেষভাবে তৈরি করা হয়েছে টিকটক টিভি অ্যাপটি। টেলিভিশনের বড় পর্দার সুবিধার কারনে টিকটকের ‘ফর ইউ’ ফিড এবং ‘ফলোয়িং’ ফিডের কনটেন্টগুলো ব্যবহারকারীরা এখন আরও সহজে দেখতে পারবেন। এই ফিডগুলোতে সবচেয়ে বেশি লাইক পাওয়া এবং সবচেয়ে বেশি দেখে থাকা ভিডিওগুলো পাওয়া যায়। এসব কনটেন্টের মধ্যে রয়েছে ভিডিও গেইমিং, কমেডি, ফুড এবং প্রাণিজগত বিষয়ক। এছাড়া কেউ যদি নিজের ইচ্ছেমতো কোন কিছু দেখতে চায় তাহলে তার টিকটক অ্যাকাউন্ট থেকে টিকটক টিভি অ্যাপে লগইন করতে হবে।

বিশ্বের ১০০ কোটির বেশি মানুষ টিকটকে যুক্ত। বিনোদনের জন্য, নতুন কিছু শেখার জন্য,অথবা স্মৃতিপূর্ণ কোন কনটেন্ট তৈরি করার উদ্দেশ্যে মানুষ টিকটক ব্যবহার করছে। টিকটক মোবাইল অ্যাপটি সাধারনত সল্প পরিসরে ব্যবহারকারীদের আনন্দ প্রদান করে থাকে। আর এবার টিকটক টিভির মাধ্যমে পরিবার ও বন্ধুদের সাথে প্রাত্যাহিক ও সাপ্তাহিক রুটিনের অংশ হিসেবেই প্ল্যাটফর্মটি উপভোগ করা যাবে। বাংলাদেশে টিকটক টিভি পাওয়া যাচ্ছে অ্যামাজন ফায়ার টিভি, গুগল

টিভি, অ্যান্ড্রয়েড টিভি ওএস ডিভাইস, এলজি স্মার্ট টিভি (২০১৮, ওয়েবওএস ৪.০ ও নতুন মডেল) এবং স্যামসাং টিভিতে। বড় পর্দায় আরও বেশি আনন্দ পেতে এবং সৃজনশীলতার প্রকাশ করতে আজ থেকেই ব্যবহারকারীরা তাদের স্মার্টটিভিতে অ্যাপটি ডাউনলোড করতে পারবেন।

সূত্র: ইত্তেফাক

ডিসকর্ডের মতো চ্যানেল মেথড চালু করবে রেডিট

সম্প্রতি রেডিট একটি চমৎকার ঘোষণা দিয়েছে। প্রতিষ্ঠানটি ডিসকর্ডের মতোই চ্যাট চ্যানেল প্রতিষ্ঠার চেষ্টা করছে। বর্তমানে রেডিটে অ্যাসিক্রোনাস কমেন্টিং সিস্টেমে যোগাযোগ করা যায়। কিন্তু রেডিট চাচ্ছে ব্যবহারকারীরা যেন আরও ভালোভাবে একে অপরের সঙ্গে সংযুক্ত থাকতে পারেন।

আপাতত রেডিট পরীক্ষা চালাচ্ছে। তারা সাবরেডিটে ২৫ টি গ্রুপ প্রতিষ্ঠা করেছে। সব গ্রুপ মিলিয়ে প্রায় ১ লাখ সদস্য রয়েছে। রেডিট বলছে এই চ্যানেলে প্রবেশ করা হবে সহজ ও যোগাযোগ হবে দ্রুত।

এর আগেও রেডিট চ্যাট গ্রুপ ফিচার চালু করেছিল ২০২০ সালে। সেবারের ভুল থেকে শিক্ষা নিয়ে তারা নতুন করে আবার গোছাতে চাচ্ছে। নতুন পদ্ধতিতে মডারেটররা সাবরেডিটে আরও বেশি নিয়ন্ত্রণ পাবে। কারা এই চ্যাটে অংশ নিতে পারবে তার নিয়ন্ত্রণও থাকবে। রেডিটই একমাত্র কোম্পানি যারা হোস্টভিত্তিক কমিউনিটি চ্যাট চ্যানেল বানানোর সুবিধা দিচ্ছে৷ এমনটা হোয়াটস অ্যাপ আগে করার চেষ্টা করেছিল। আপাতত তাদের এই চেষ্টাটি রেডিটের জন্য আকর্ষণীয় ত বটেই।

সূত্র: টেকক্রাঞ্চ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

‘ডিজেআই ম্যাভিক থ্রি প্রো’ মডেলের এই ড্রোন কাজে লাগিয়ে একই সময়ে তিনটি ক্যামেরার সমন্বয়ে ভিডিও ধারণ করা যাবে। ফলে সহজে ইউটিউব বা সামাজিক যোগাযোগমাধ্যমের কনটেন্ট নির্মাণের পাশাপাশি শুটিং বা জরিপের কাজ করা যাবে।

৪৮, ২০ ও ১২ মেগাপিক্সেল ক্যামেরাযুক্ত ড্রোনটি ফোরকে প্রযুক্তির ভিডিও ধারণের পাশাপাশি উন্নত মানের ছবি তুলতে পারে। একবার চার্জ টানা ৪৩ মিনিট উড়তে সক্ষম ড্রোনটিতে আটটি ভিশন সেন্সর যুক্ত থাকায় দুর্ঘটনার শঙ্কা নেই বললেই চলে। তিনটি সংস্করণের বাজারে আসা ড্রোনটির দাম ২ হাজার ১৯৯ ডলার, ২ হাজার ৯৯৯ ডলার এবং ৩ হাজার ৮৮৯ ডলার।

সূত্র: জেডডিনেট, টেক রাডার

দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের উদ্বোধন

দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রফেসর সুজাউদ্দৌলা, পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো: নজরুল ইসলাম, সহকারী শিক্ষক আসাদুজ্জামান, মোছা: জামেনা খাতুন, হুসাইন ইসলাম, ফারুক হোসেন।

অনুষ্ঠানটির সঞ্চালনা করেন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সদস্য সচিব মোঃ শফিকুল ইসলাম।

গুগল অথেনটিকেটরে অবশেষে টুএফএ কোড

গুগল অথেনটিকেটরকে ক্রেতারা বহুদিন অনুরোধ করছে গুগল অ্যাকাউন্টে যেন টু-ফ্যাক্টর অথেনটিকেশন কোড চালু করা হয়। অবশেষে এই চাহিদা পূরণ হতে চলেছে। এখন যে কেউ নতুন ফোনে লগিন করলে অথেনটিকেটর তার নিজস্ব সেটাপ প্রসেস বাদেই কাজ করবে। তারমানে এখন যদি আপনি আপনার ফোন হারান তাহলে পুরনো ফোনের ডাটা খুঁজে পাওয়া আরও জটিল কাজ হয়ে উঠবে।

ক্লাউড সিংকিং এমনিতেই বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। তবে গুগলই এই বিষয়টিকে ২০১০ সাল থেকে ব্যাপক জনপ্রিয় করে তুলেছে। যাহোক, গুগলের ক্লাউড সিংকিং টু-ফ্যাক্টর কোড চালু করতে হলে অথেনটিকেটরের লেটেস্ট ভার্সনটি ইন্সটল করতে হবে।

আপনার নতুন ডিভাইসে কোডগুলো স্বয়ংক্রিয়ভাবেই স্টোর করা থাকবে। অনেকের জন্য এটি একটি স্বস্তির বিষয়। এখন কোড ব্যবহার করা হবে আরও সহজ। অনেক অ্যাপেই অথেনটিকেটর ব্যবহার করা সহজ। এসএমএস কোডের মাধ্যমেই করা যায়। গুগলের ক্ষেত্রেও এই সুবিধাটির জন্য অনেকে অপেক্ষা করছিলেন।

সূত্র: ইত্তেফাক

ফি না দিলেও নীল টিক চিহ্ন ফিরিয়ে দিচ্ছে টুইটার

কয়েক সপ্তাহ যাবত টুইটারের নীল টিক চিহ্ন নিয়ে অনেক আলোচনা চলেছে। এখন থেকে ভেরিফাইড হিসেবে নীল টিক চিহ্ন পেতে হলে প্রতি মাসে একটি নির্দিষ্ট ফি দিতে হবে। এই ফি নিয়েই অনেকের আপত্তি। কদিন আগে অনেক সেলিব্রিটির একাউন্টের নীল টিক চিহ্নও সরিয়ে নিয়েছে তারা। যারা সাবস্ক্রিপশন ফি আগেই দিয়েছে তাদের নীল টিক চিহ্ন ঠিকই রয়ে গেছে।

তবে ২০ এপ্রিল থেকে টুইটার ফের নীল টিক চিহ্ন ফিরিয়ে দিতে শুরু করেছে। সাবস্ক্রিপশন ফি না দিলেও এই টিক চিহ্ন পাওয়া যাচ্ছে। এক সপ্তাহের ভেতর প্রায় ১০ লাখ ইউজার তাদের ভেরিফিক্যাশন নীল টিকচিহ্ন ফেরত পেয়েছে। এদের মধ্যে লেখক নীল গেইম্যান, ফুটবলার রিয়াদ মাহারেজ, সংগীততারকা লিল নাস এক্স, জ্যানেল পারিস লং এবং টিভি উপস্থাপন রিচার্ড ওসমান রয়েছেন। সাবস্ক্রিপশন ছাড়াই নীল টিকচিহ্ন ফিরে পাওয়ার এই ঘটনায় অবাক অনেকেই। বিশেষত নীল গেইম্যান এক টুইটে লিখেছেন, ‘আমার নীল টিক চিহ্ন ফেরত এসেছে দেখে কৌতূহল জাগছে। আমি তো টুইটার ব্লু সাবস্ক্রাইব করিনি। আমি আমার ফোন নাম্বার দেইনি। এই জায়গাটা সত্যিই অসহনীয় হয়ে উঠছে।’

বিগত কয়েক দিন ধরে এত নাটকীয়তা ইলন মাস্ক ও তার কোম্পানিকে পিছিয়ে দিচ্ছে। অনেক গুরুত্বপূর্ণ একাউন্ট তাদের ভেরিফাইড নীল টিক হারানোতে ক্ষুব্ধ হয়েছেন অনেকেই। তারা টিক মার্কের জন্য তিনটি আলাদা রঙ নির্ধারণ করেছিল। সরকারি প্রতিষ্ঠানের জন্য ধূসর, ব্যক্তিগত অ্যাকাউন্টে নীল আর বিশেষ অ্যাকাউন্টে সোনালী। তবে সাম্প্রতিক এই ঘটনায় ইলন মাস্ক জানিয়েছেন, ‘তিনি ব্যক্তিগতভাবে সবার হয়ে সাবস্ক্রিপশন ফি দিয়ে দিচ্ছেন। তার বন্ধুপ্রতীম অনেককেই তিনি নীল টিক চিহ্ন ফিরিয়ে দিয়েছেন।’

সূত্র: ইত্তেফাক